

জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়
১১০, মতিঝিল বা/এ
ঢাকা

জেনারেল ব্যাংকিং ডিপার্টমেন্ট
ফোন নং- ২২৩৩৮৭১৬৮

প্রচার বিজ্ঞপ্তি নং - ৩৯৪/২০২২

তারিখ ৩০/০৬/২০২২ইং
১৬আষাঢ় ১৪২৮বাং

সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক
একান্ত সচিব, এমডি এন্ড সিইও এবং সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস, জনতা ভবন কর্পোরেট শাখা/ এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।
বাংলাদেশ।

বিষয়ঃ ব্যাংকের তালিকা হতে সিএন্ডএফ এজেন্ট মেসার্স সোনালী ট্রেডিং কর্পোরেশন লিঃ এর নাম বাতিলকরণ
প্রসংগে

মহোদয়,

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ব্যাংকের সিএন্ডএফ এজেন্টের তালিকা হতে নিম্নবর্ণিত এজেন্টকে বাতিল করা হলো।


সিএন্ডএফ এজেন্ট এর নাম	ক্যাটাগরীর ধরন	শাখার নাম
মেসার্স সোনালী ট্রেডিং কর্পোরেশন লিঃ	" এ "	শেখ মুজিব রোড কর্পোরেট শাখা চট্টগ্রাম।


উল্লেখ্য,যেহেতু উপরোক্ত সিএন্ডএফ এজেন্টকে ব্যাংকের অনুমোদিত সিএন্ডএফ এজেন্ট তালিকা থেকে বাতিল করা হলো, কাজেই যদি কোন শাখা আলোচ্য এজেন্টকে মালামাল খালাস করার জন্য কোন ডকুমেন্ট হস্তান্তর করে এবং তৎপ্রেক্ষিতে ব্যাংক কোন আর্থিক ক্ষতির সম্মুখীন হয় সেক্ষেত্রে উক্ত শাখায় কর্মরত সংশ্লিষ্ট কর্মকর্তাগণ দায়ী হবেন।

প্রকাশ থাকে যে, উল্লেখিত সিএন্ডএফ এজেন্ট এর নামে যদি কোন শাখায় সরাসরি বা অগোচরে দায়-দেনা থাকে তবে এই সার্কুলার প্রচারিত হবার ১৫(পনের) দিনের মধ্যে সংশ্লিষ্ট শাখাকে সী কাষ্টমস এর ক্ষেত্রে সিএন্ডএফ সেল, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম এবং ল্যান্ড কাষ্টমস এর ক্ষেত্রে এম কে রোড কর্পোরেট শাখা, যশোর এর নিকট জানানোর জন্য নির্দেশ দেওয়া যাচ্ছে। ১৫(পনের) দিনের পরে আর কোন দাবি গ্রাহ্য হবে না।

উল্লেখিত সিএন্ডএফ এজেন্টকে বাতিল করা হয়েছে এই মর্মে শাখার রেজিস্টার/রেকর্ড সংশোধন করার জন্যও নির্দেশ দেয়া হলো।

আপনার বিশ্বস্ত,


জায়েদা বেগম
উপ-মহাব্যবস্থাপক


আলী আহমেদ খান
মহাব্যবস্থাপক